গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বিভাগীয় পরিসংখ্যান অফিস, সিলেট।
www.bbs.sylhetdiv.gov.bd

স্মারক নং:- ৫২.০১.৬০০০.০০০.৪৯.০০১.১৯- 02

তারিখ: ১৭ পৌষ ১৪২৬ / ০১ জানুয়ারী ২০২০

বিষয়: জনশুমারি ও গৃহগণনা ২০২১ এ তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

অপর পৃষ্ঠায় বর্ণিত পত্রের মর্ম মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি:
০১। প্রেরিত পত্র ২ (দুই) পাতা।

02/01/20

(মুহাম্মদ আতিকুল কবীর)
যুগ্মপরিচালক
বিভাগীয় পরিসংখ্যান অফিস, সিলেট।
টেলিফোন: ০৮২১-৭১৪০৮৮
Email: aatik_kabir@yahoo.com

বিতরণ:
০১। পরিসংখ্যান কর্মকর্তা (সকল), উপজেলা পরিসংখ্যান অফিস........................ ।
০২। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (সকল), উপজেলা পরিসংখ্যান অফিস................ ।
০৩। থানা পরিসংখ্যানবিদ (সকল), থানা পরিসংখ্যান অফিস.............................।

Scanned by CamScanner

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো**
**জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প**
পরিসংখ্যান ভবন (২য় তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং: ৫২.০১.০০০০.৪০৯.৪০.০৬২.১৯- ০৬৪ তারিখ: ০৫ পৌষ ১৪২৬ / ১১ডিসেম্বর ২০১৯

**বিষয়: জনশুমারি ও গৃহগণনা ২০২১ এ তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।**

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর জনশুমারি ও গৃহগণনা ২০২১ শীর্ষক প্রকল্প গত ২৯ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়েছে। প্রকল্পটির আওতায় প্রতিটি খানার সকল সদস্যকে গণনার জন্য **'২০২১ সালের ২-৮ জানুয়ারি'** শুমারি তারিখ নির্ধারণ করা হয়েছে।

০২। প্রকল্পের অনুমোদিত কর্মপরিকল্পনা মোতাবেক প্রকল্পের কার্যক্রম বর্তমানে পুর্ণোদ্যমে চলছে। আগামী ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে উল্লিখিত প্রকল্পের আওতায় সারাদেশে খানা তালিকা প্রণয়ন (Household listing) কার্যক্রম পরিচালনার পরিকল্পনা রয়েছে। যথাসময়ে খানা তালিকা প্রণয়ন কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রয়োজনে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন করা হবে। এছাড়া, মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় পর্যায়ে শিক্ষিত বেকার গণনাকারী ও সুপারভাইজার অস্থায়ীভাবে নিয়োগ করা হবে। গণনাকারী ও সুপারভাইজারগণ এ প্রকল্পের আওতায় ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে খানা তালিকা প্রণয়ন কার্যক্রমসহ ২০২০ সালের এপ্রিল-মে মাসে প্রথম জোনাল অপারেশন, অক্টোবর মাসে দ্বিতীয় জোনাল অপারেশন এবং ২০২১ সালের জানুয়ারি মাসে মূল শুমারিসহ জুন-আগস্ট মাসে নমুনা শুমারি কার্যক্রমে দায়িত্ব পালন করবেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সিটি কর্পোরেশনের জন্য) এর নেতৃত্বে গঠিত তালিকাকারী/গণনাকারী/সুপারভাইজার নির্বাচন কমিটি প্রয়োজনে বাছাই পরীক্ষার মাধ্যমে স্থানীয় পর্যায়ে প্রয়োজনীয় সংখ্যক তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন করবে।

বর্ণিতাবস্থায়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এর আওতায় মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রমে তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচনে তাঁর বিভাগাধীন সকল জেলা পরিসংখ্যান কার্যালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।

সংযুক্তি: গণনাকারী ও সুপারভাইজার নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ-০১ (এক) পাতা।

মোহাম্মদ তাজুল ইসলাম
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
☎০২-৫৫০০৭০৫৬
ইমেইল: dg@bbs.gov.bd

যুগ্মপরিচালক
বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল)
...............................বিভাগ।

**অনুলিপি**-কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১. মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (তাঁর অধীন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
০২. মেয়র, ......................... সিটি কর্পোরেশন (তাঁর অধীন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
০৩. উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
০৪. জেলা প্রশাসক (সকল),.........................................জেলা (তাঁর অধীন উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
০৫. প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
০৬. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭. পরিচালক (সকল), ....................উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
০৮. উপজেলা নির্বাহী কর্মকর্তা/আঞ্চলিত নির্বাহী কর্মকর্তা, .........................উপজেলা/অঞ্চল, ..............জেলা/সিটি কর্পোরেশন।
০৯. জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল), জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়,..............জেলা (তাঁর অধীন উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
১০. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (সকল), জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়,..............জেলা (তাঁর অধীন উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
১১. উপপরিচালক (সকল), জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়,..............জেলা (তাঁর অধীন উপজেলা/থানা পরিবার পরিকল্পনা অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১২. উপপরিচালক (সকল), জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ,..............জেলা (তাঁর অধীন উপজেলা/থানা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।।
১৩. উপপরিচালক (সকল), জেলা পরিসংখ্যান কার্যালয়,..............জেলা (তাঁর অধীন উপজেলা/থানা পরিসংখ্যান অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
১৪. সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব..........................................................।
১৫. প্রোগ্রামার, ওয়েবসাইট শাখা, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৬. অফিস কপি।

Scanned by CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
**জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প**
পরিসংখ্যান ভবন (২য় তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

**জনশুমারি ও গৃহগণনা ২০২১ এ তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার (শুমারিকর্মী) নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ:**

১। প্রকল্পের অনুমোদিত উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) মোতাবেক গণনাকারী ও সুপারভাইজার নির্বাচনের লক্ষ্যে যাচাই-বাছাই কমিটির গঠন হবে নিম্নরূপ:

| ক্র. নং | কর্মকর্তার বিবরণ | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী কর্মকর্তা (উপজেলার জন্য)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সিটি কর্পোরেশনের জন্য) | সভাপতি |
| ২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট কর্মকর্তা | সদস্য |
| ৩. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা/সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা/সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট কর্মকর্তা/থানা পরিসংখ্যানবিদ | সদস্য-সচিব |

২। তালিকাকারী/গণনাকারীর ন্যূনতম যোগ্যতা হবে উচ্চমাধ্যমিক পাশ বা সমমান, সুপারভাইজারকে উচ্চমাধ্যমিক পাশ বা সমমান হতে হবে তবে স্নাতক উত্তীর্ণগণ অন্যান্য যোগ্যতা পূরণসাপেক্ষে অগ্রাধিকার পাবেন, বিবিএস এর পূর্ববর্তী শুমারি বা জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন;

৩। ইংরেজি হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে;

৪। তালিকা প্রণয়ন কার্যক্রমে প্রতি গণনাকারী ১০ (দশ) দিনে মোট ৩৫০-৪০০ খানার তালিকা করবে, মূল শুমারিতে ৭ (সাত) দিনে মোট ১০০-১২০ খানার তথ্য সংগ্রহ করতে হবে, একজন সুপারভাইজার কমপক্ষে ৬-৭ জন তালিকাকারী/গণনাকারীর তদারকির দায়িত্বে থাকবেন;

৫। খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করা হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনার দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণকেই এ কার্যক্রমে নিয়োজিত করতে হবে;

৬। মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং প্রতিটি জোনে কমপক্ষে ৫০% মহিলা গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে;

৭। তালিকাকারী/গণনাকারী/সুপারভাইজার নির্বাচন/যাচাই-বাছাই কমিটির সদস্য-সচিব এতদসংক্রান্ত কমিটি গঠনে কমিটির সভাপতিকে সহায়তা প্রদানসহ শুমারিকর্মী নির্বাচনে বিজ্ঞপ্তি প্রকাশ ও দর্শনীয় স্থানে বিজ্ঞপ্তি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ, প্রার্থীদের সনদের অনুলিপিসহ আবেদনপত্র (হার্ড কপি) জমা গ্রহণ, প্রকল্প দপ্তরের নির্দেশনা মোতাবেক যাচাই-বাছাইপূর্বক ফলাফল প্রস্তুত সংক্রান্ত কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন;

৮। খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে মূল শুমারি কার্যক্রমের তুলনায় প্রায় এক-তৃতীয়াংশ শুমারিকর্মী প্রয়োজন হবে বিধায় খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে বিবেচিত অধিকতর যোগ্যতাসম্পন্ন এবং শুমারি/জরিপ কাজে পূর্বের অভিজ্ঞতা রয়েছে এমন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে;

৯। খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে নিয়োজিতব্য শুমারিকর্মীগণ মূল শুমারিতেও শুমারিকর্মী হিসেবে দায়িত্ব পালন করবেন;

১০। বাছাই কমিটি প্রতিটি মৌজা/মহল্লা হতে প্রয়োজনীয় সংখ্যক শুমারিকর্মী'র প্রতিনিধিত্ব/অংশগ্রহণ নিশ্চিত করবেন;

১১। আগামী ২০২০ সালের জানুয়ারি মাসের মধ্যে কমিটি বাছাই কার্যক্রম সম্পাদনপূর্বক প্রকল্প দপ্তরে তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার এর তালিকা শিরোনামে বিস্তারিত জিও কোড উল্লেখপূর্বক নিম্নের ছক অনুযায়ী সারণি পূরণের মাধ্যমে (হার্ড কপি ও সফট কপি নিকশ ফন্ট-এ) প্রেরণ করবেন;

বিভাগ:..............জেলা:.........................উপজেলা/থানা:.....................................ইউনিয়ন/ওয়ার্ড:...............মৌজা/মহল্লা:....................

গ্রাম:....................

| ক্র. নং | নাম | মাতা ও পিতার নাম | শিক্ষাগত যোগ্যতা | শুমারিতে পদবি (তালিকাকারী/গণনাকারী/ সুপারভাইজার) | বিবিএস এর শুমারি/জরিপে পূর্ব-অভিজ্ঞতা আছে কি-না? | নিজস্ব স্মার্টফোন* আছে কি-না? | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

*স্মার্টফোনের ক্ষেত্রে এন্ড্রয়েড ভার্সন ৬ বা তদূর্ধ্ব এবং স্ক্রীন সাইজ অন্তত ৫" হতে হবে।

১২। তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার এর পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে;

১৩। বাছাই কার্যক্রম সংক্রান্ত ব্যয়ভার প্রকল্পের সংস্থান মোতাবেক বহন করা হবে; এবং

১৪। বাছাই সংক্রান্ত কার্যক্রমে প্রয়োজনে জনাব আমজাদ হোসেন, উপ-প্রকল্প পরিচালক (ফিল্ড অপারেশন), জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা (মুঠোফোন: ০১৭৫৬৫৫৫৬৪২, ০১৫৫০০৪১২৭৬, ইমেইল: amjadh15@gmail.com) এর সাথে যোগাযোগ করা যাবে।

মোঃ জাহিদুল হক সরদার
প্রকল্প পরিচালক
☎ ০২-৮১৮১৪২৬
ইমেইল: hoquesardarbbs@gmail.com

Scanned by CamScanner